

২০

## বিশ্বব্যাংক প্রতিনিধিদলের সাক্ষাৎ জাতীয় ভার্টিসিটে স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী গড়ে তোলা যায়

—ভাইস চ্যান্সেলর

এস বিজ্ঞপ্তি : তিন সদস্যবিশিষ্ট বিশ্বব্যাংকের একটি প্রতিনিধিদল গত ২২ জুলাই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ওয়াকিল আহমদের সাথে তাঁর ধানমন্ডির আবাসিক কার্যালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলে ছিলেন শিক্ষা বিশেষজ্ঞ সুব্রত এস খর, ইয়োকো নাগাশিমা এবং পাবলিক পলিসি বিশেষজ্ঞ মেরিয়ান লারক। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান এবং ডীন প্রফেসর শের মোহাম্মদও এ সময় উপস্থিত ছিলেন। প্রতিনিধিদলের সদস্যরা বিশ্বব্যাংকের 'বাংলাদেশে উচ্চতর শিক্ষা : ২০০৬-২০২৬'-এর সুপারিশের ভিত্তিতে উচ্চতর শিক্ষাখাতে বিশ্বব্যাংকের সহায়তা প্রদানের ক্ষেত্র শনাক্তকরণের বিষয়ে আলোচনা করেন। এ সময় ভাইস চ্যান্সেলর বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় একটি ক্যাম্পাসভিত্তিক পাঠদানের বিশ্ববিদ্যালয় না হলেও এটিকে একটি 'সেন্টার ফর এন্ট্রিডেল' হিসেবে গড়ে তোলা যায়। এখানে ডিনের তত্ত্বাবধানে স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের একটি একাডেমী অথবা ইনস্টিটিউট গড়ে তোলা যেতে পারে, যেটি বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী পরিচালিত হবে। ভাইস চ্যান্সেলর আরও বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসভিত্তিক গবেষণার জন্য সহায়ক একটি গবেষণাগার, একটি অধুনিক সুবিধাসমৃদ্ধ লাইব্রেরী এবং ক্যাম্পাসভিত্তিক একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন বিশেষ মনিটরিং সেলও প্রতিষ্ঠা করা যয়োজন। প্রতিনিধিদলের সদস্যরা ভাইস চ্যান্সেলরের এই প্রস্তাবগুলো যথাসম্ভব বিবেচনার আশ্বাস দেন।